২০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিল্প মন্ত্রণালয়**
**বিএসইসি অধিশাখা**
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০
www.moind.gov.bd

নং- ৩৬.০০.০০০০.০৯২.১৮.০২৪.২৫-৭৯

তারিখঃ ২৬ আষাঢ়, ১৪৩২
১০ জুলাই, ২০২৫

# বিজ্ঞপ্তি

## বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প)-২০২৫ নির্বাচন

বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০২৪ অনুযায়ী "সিআইপি (শিল্প)-২০২৫" নির্বাচনের লক্ষ্যে জাতীয় শিল্পনীতি-২০২২ এ প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহৎ শিল্প (উৎপাদন ও সেবা), মাঝারি শিল্প (উৎপাদন ও সেবা), ক্ষুদ্র শিল্প (উৎপাদন ও সেবা), হাইটেক শিল্প, লজিস্টিকস খাত, পর্যটন খাত, মাইক্রো শিল্প ও কুটির শিল্প-এর আওতাভুক্ত কোন একক শিল্প প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, লিমিটেড কোম্পানির ক্ষেত্রে চেয়ারম্যান অথবা কোম্পানি পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত কোন উদ্যোক্তা পরিচালক এবং পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা অংশীদার এর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে। আগ্রহী আবেদনকারীগণকে শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.moind.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে পূরণকৃত ফরমে প্রদত্ত তথ্যের যথাযথ প্রমাণকসহ আগামী ১৫.০৭.২০২৫ তারিখ হতে ১৫.০৮.২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন শিল্প মন্ত্রণালয়ের বিএসইসি শাখায় (কক্ষ নং-৫৩২) সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০২৪ অনুযায়ী শেয়ার কেলেংকারির সাথে জড়িত, ঋণখেলাপি, করখেলাপি, ফৌজদারি মামলায় সাজাপ্রাপ্ত এবং সাজা ভোগের পর পাঁচ বছর অতিবাহিত হয়নি এমন কোন ব্যক্তি; বিগত পাঁচ বছরের মধ্যে কোন শিল্প প্রতিষ্ঠানকে যদি সরকারের রাজস্ব ফাঁকির কোন ঘটনায় জরিমানা করা হয়, তাহলে উক্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি এবং কোন শিল্প প্রতিষ্ঠানের বেতনভুক্ত কর্মকর্তা সিআইপি (শিল্প) নির্বাচনের লক্ষ্যে আবেদন করতে পারবেন না।

৪। আবেদনকারীকে অবশ্যই 'বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০২৪' ও 'জাতীয় শিল্পনীতি-২০২২' অনুসরণ করতে হবে। এ ক্ষেত্রে কোনো ব্যত্যয় ঘটলে আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারী তার আবেদনপত্রে কোন মিথ্যা বা অসত্য তথ্য প্রদান করলে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০২৪ এর ৫(৩) মোতাবেক আবেদনকারী পরবর্তী ৩ (তিন) বছর সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না।

৫। আবেদনপত্র জমাদানের পর আবেদনপত্রে উল্লিখিত তথ্যাবলীর পরিমার্জন/সংযোজন/বিয়োজন সংক্রান্ত কোন আবেদন গ্রহণ করা হবেনা।

৬। প্রাপ্ত আবেদনের বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের সিআইপি (শিল্প) নির্বাচন সংক্রান্ত বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০/০৭/২৫

রমেন্দ্র নাথ বিশ্বাস
উপসচিব
ফোন : +৮৮ ০২ ২২৩৩৮২৫৫৬